



কৃষি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সন্তোষজনক সিদ্ধান্ত

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ১ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— কৃষি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের বিশেষ অধিবেশনে ছাত্রদের অনেক দিনের প্রাণের দাবী মেনে নিয়েছে। সর্বদলের সম্মুখে ছাত্র একা পরিষদ বহুদিন ধরে এক শিফট ক্লাস চালু, উচ্চ শিক্ষার মার্কস প্রতিবন্ধকতা, ছাত্র বৃত্তি ও অটোমেশন পদ্ধতি বাতিলের দাবী জানিয়ে আসছিল।

একাডেমিক কাউন্সিল শেষ দুটো দাবী মেনে নিলে শিফটের পরিবর্তে পূর্বের রুটিন বহাল রাখার সিদ্ধান্ত নেয়। সপ্তাহে পাঁচ দিন ক্লাস এবং একদিন সেমিনার, অধিবেশন ও লাইব্রেরী ওয়ার্কের জন্য খোলা থাকবে। অটোমেশন পদ্ধতিতে কোন শ্রেণীতে পর পর দু'বার ফেল করলে তাকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হত। বাংলাদেশের অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে এই পদ্ধতি চালু নেই।

প্রচলিত সনাতন পদ্ধতির পরিবর্তে ক্যারিওভার সিস্টেম চালু করার সিদ্ধান্ত নেয়া হয়। ছাত্র একা পরিষদের নেতৃবৃন্দ ছাত্রদের প্রাণের দাবী ছাত্র বৃত্তি বৃদ্ধি ও হলে হলে সাবসিডি দেয়ার দাবী মেনে নেয়ার জন্য কর্তৃপক্ষের নিকট আহবান জানান।

১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষের প্রথম পর্বের ছাত্র-ছাত্রীদের "ওরিয়েন্টেশন" আগামী ৩১ জানুয়ারী থেকে শুরু হতে যাচ্ছে। এ বছর অনেক ঝামেলার পর ৫৩৯ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়।

অন্য কোন বিশ্ববিদ্যালয়ে কোটা না থাকলেও এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক কর্মচারী, সিডিকিট সদস্য ও স্থানীয় লোকদের জন্য সংরক্ষিত আসন রেখে ফলাফল ঘোষণা করা হয়।

উল্লেখ্য, ১৯৮৬-৮৭ শিক্ষা বর্ষের ভর্তির বিস্তৃতি কিছু দিনের মধ্যেই ঘোষণা হবে বলে জানা গেছে।